



একই সারক ও তারিখে প্রতিশ্রূতি

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



তারিখ: ১৬/০৩/২০২২

চাশিবো/বি/১৫৫/ঢাকা/দ: /২৮৯

বিষয়: বিদ্যালয়ের প্রধান শিক্ষকের (ভারপ্রাণ) দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে।

- সূত্র:
১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা: ১১/৩-৯/২০১১/২৫৬ তারিখ ০৬-০৬-২০১১
  ২. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা: ১১/৩-৯/২০১১/৪৮৪ তারিখ ০৯-০৭-২০১২
  ৩. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-১২-০৬-২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫
  ৪. বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো এম.পি.ও. নীতিমালা-২০২১
  ৫. ঢাকা শিক্ষা বোর্ডের স্মারক নং- চাশিবো/বি/১৫৫/ঢাকা/দ: /২৮ তারিখঃ ২০/০১/২০২২ এর মাধ্যমে  
প্রেরিত পত্র।
  ৬. জনাব, অরুণ কান্তি বিশ্বাস কর্তৃক গত ১০/০২/২০২২, ২২/০২/২০২২ তারিখে আবেদন
  ৭. জনাব, অরুণ কান্তি বিশ্বাস কর্তৃক গত ২৮/০২/২০২২ তারিখে অনলাইনে দাখিলকৃত আবেদন।
  ৮. জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা স্মারক নং-০৫.৪১.২৬০০.০১৩.২৭.০০১.২২-১৫৯ তারিখঃ ১০/০২/২০২২
  ৯. জেলা শিক্ষা অফিসারের কার্যালয়ের স্মারক নং-জেশিআ/ঢাকা/২৭৭৯ তারিখ ০৬/০৩/২০২২ এর মাধ্যমে  
প্রেরিত তদন্ত প্রতিবেদন।
  ১০. জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং-০৫.৪১.২৬০০.০১৩.২৭.০০১.২২- ১৫৭ তারিখঃ-০৯/০৩/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ঢাকা মহানগরীর লালবাগ থানাধীন আজিমপুরে “ওয়েস্ট এন্ড হাই স্কুল” প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক পদ দুটি শূন্য রয়েছে। ইতিপূর্বে সূত্রোক্ত(৫)নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে বিদ্যালয়ের এম.পি.ও ভূক্ত শিক্ষকদের মধ্যে হতে জেষ্ট্যতম একজন সহকারী শিক্ষক-কে দায়িত্ব হস্তান্তর করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

ইতিমধ্যে সূত্রোক্ত ৬ ও ৭ নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে জনাব অরুণ কান্তি বিশ্বাস-কে গত ০৬/০২/২০২২ তারিখে নিয়মিত ম্যানেজিং কমিটি কর্তৃক প্রধান শিক্ষক (ভারপ্রাণ) পদ থেকে জোরপূর্বক পদত্যাগ পত্র আদায় করে অপসারণের জন্য বাধ্য করেছে মর্মে তিনি তাঁর আবেদনে উল্লেখ করেছেন।

পরবর্তীতে এ বিষয়ে জনাব, অরুণ কান্তি বিশ্বাস জেলা প্রশাসক, ঢাকা বরাবর অভিযোগ দাখিল করলে, সূত্রোক্ত (৮) নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে বিষয়টি তদন্তের জন্য জেলা শিক্ষা অফিসার, ঢাকা-কে দায়িত্ব প্রদান করা হয়। জেলা শিক্ষা অফিসার, ঢাকা বিষয়টি তদন্ত পূর্বক সূত্রোক্ত (৮) ও (৯) নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ড বরাবর প্রতিবেদন প্রেরণ করে।

জেলা শিক্ষা অফিসার কর্তৃক গৃহীত তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব অরুণ কান্তি বিশ্বাস-কে গত ০৬/০২/২০২২ তারিখে নিয়মিত ম্যানেজিং কমিটি কর্তৃক প্রধান শিক্ষক (ভারপ্রাণ) পদ থেকে জোরপূর্বক পদত্যাগ পত্র আদায় করে অপসারণ করা হয়েছে এবং তদন্তে মোঃ হুমায়ুন কবির-কে প্রধান শিক্ষক (ভারপ্রাণ) হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে যা বিধিসম্মত হয়নি মর্মে তদন্ত প্রতিবেদন উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক না থাকায় জেষ্ট্যতার ভিত্তিতে সহকারী শিক্ষক জনাব, অরুণ কান্তি বিশ্বাস প্রধান শিক্ষক (ভারপ্রাণ) হিসাবে দায়িত্ব পালন করবেন।

উল্লেখ্য যে, বিদ্যালয়টিতে কোন ধরনের ম্যানেজিং কমিটি না থাকায় বিষয়টি নিষ্পত্তি করণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষর  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক

জেলা প্রশাসক  
ঢাকা।

মেমো নং-২৮৯(৮)

তারিখ: ১৬/০৩/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। জনাব, অরুণ কান্তি বিশ্বাস, ওয়েস্ট এন্ড হাই স্কুল, আজিমপুর, লালবাগ, ঢাকা।
- ৭। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।

Md. Abdur Razzak  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মেমো ২৩/০৩/২০২২